

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)  
www.lgd.gov.bd.

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.০০৭.২০১২-৪২৭

তারিখ : ২৮ মার্চ ২০১৭

বিষয়: ঠাকুরগাঁও জেলার হরিপুর উপজেলাধীন যাদুরাণী হাটের অভ্যন্তরে এইচবিবি রাস্তার পুরাতন ইট এবং ০২টি পুরাতন জরাজীর্ণ ব্রীজ পরিত্যক্ত ঘোষণা।

সূত্র : জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও-এর স্মারক নং-০৫.৫৫.৯৪০০.০০৯.১৮.০০০.১৬-৮০; তারিখ: ২০ ফেব্রুয়ারি ২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, হরিপুর উপজেলাধীন যাদুরাণী হাটের অভ্যন্তরে এইচবিবি রাস্তার পুরাতন ইট এবং ০২টি পুরাতন জরাজীর্ণ ব্রীজ পরিত্যক্ত ঘোষণা ও নিলামে বিক্রয়ের প্রস্তাবটি বিবেচনার পূর্বে নিম্নোক্ত তথ্যাদিসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) উক্ত এইচবিবি রাস্তা ও পুরাতন ব্রীজ ০২টির মালিকানা কোন্ দপ্তর/সংস্থার, মালিকানা উপজেলা পরিষদের না হলে উক্ত দপ্তর/সংস্থা হতে সেগুলো পরিত্যক্ত ঘোষণার অনাপত্ত পত্র প্রেরণ; এবং
- (খ) উক্ত রাস্তার ইট নিলামে দেয়ার প্রয়োজনীয়তা কি? ইটগুলো রাস্তার কাজে পুনরায় ব্যবহার করা যাবে কিনা।

জেলা প্রশাসক  
ঠাকুরগাঁও।

J. Amin  
26/03/2017  
(ড. জুলিয়া মঈন)  
উপসচিব  
ফোন: ৯৫৬২২৪৭

অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।